

ফরিদপুরে এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিয়ে শিক্ষকদের বাণিজ্য

প্রতিনিধি, ফরিদপুর

আজ থেকে শুরু হওয়া এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র নিয়ে জেলার বোয়ালমারী উপজেলার বেশ কয়েকটি কলেজের শিক্ষকগণ বাণিজ্য করেছেন বলে অভিযোগ উঠেছে। এনব কলেজের শিক্ষকরা প্রবেশপত্র আটকে রেখে পরীক্ষার্থীদের কাছ থেকে ৩শ' থেকে ৫শ' টাকা অতিরিক্ত আদায় করেছেন। অতিরিক্ত টাকা নেয়ার ব্যাপারে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মধ্যে কোর্ডের সত্বেও পরীক্ষার কথা চিন্তা করে তারা অতিরিক্ত টাকা দিতে বাধ্য হয়েছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, বোয়ালমারী উপজেলার পাঁচটি কলেজ থেকে এখার প্রায় দুই হাজার শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছেন। এর মধ্যে বোয়ালমারী কাছী সিরাজুল ইসলাম মহিলা কলেজ থেকে ৫শ' ৯৬ জন পরীক্ষার্থীর কাছ থেকে প্রবেশপত্র বাবদ নেয়া হয়েছে ১শ' ৩০ টাকা। কান্দিরদী ডিগ্রি কলেজের ৪শ' ৫০ জন পরীক্ষার্থীর কাছ থেকে প্রবেশপত্র বাবদ নেয়া হয়েছে ৩শ' টাকা। বরসুতি বঙ্গবন্ধু কলেজের ৯৬ জন পরীক্ষার্থীর কাছ থেকে ৫শ' টাকা অতিরিক্ত নেয়া হয়েছে। কাছী সিরাজুল ইসলাম মহিলা কলেজের দুই পরীক্ষার্থী অভিযোগ করে বলেন, পরীক্ষার ফরম পূরণের সময় পরীক্ষা সংক্রান্ত নব টাকা তারা পরিণোদ করেছেন। কিন্তু প্রবেশপত্র নেয়ার সময় তাদের কাছ থেকে অতিরিক্ত ১শ' ৩০ টাকা করে নেয়া হয়েছে। যার টাকা দিতে অপারগতা প্রকাশ করেছিলেন তাদের প্রবেশপত্র আটকে রাখা হয়েছিল। পরীক্ষার কথা চিন্তা করেই পরীক্ষার্থীরা অতিরিক্ত টাকা দিয়ে প্রবেশপত্র নিতে বাধ্য হন। এইচএসসি : পৃষ্ঠা : ১ : ৭

এইচএসসি : পরীক্ষার্থী

(১৬ পৃষ্ঠার পর)

অতিরিক্ত অর্থ নেয়ার বিষয়ে কাছী সিরাজুল ইসলাম মহিলা কলেজের অধ্যক্ষ সরদার মো. ইব্রাহিম আলী কারিগরি শাখার পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা নেয়ার কথা স্বীকার করেন। কান্দিরদী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. নূরুজ্জামান বলেন, চান্দে নিয়মিত না গাকায় এবং পরীক্ষার আগে প্রচলিত মূল্যে প্রায় ৩শ' করে টাকা নেয়া হয়েছে। বরসুতি বঙ্গবন্ধু কলেজের অধ্যক্ষ মো. সাদিকুর ইসলাম জানান, তেমন কি ও শিক্ষকদের পরীক্ষা কেন্দ্রে সাতাশত বাহনদর সহ বিক্রিতে ৫শ' টাকা নেয়া হয়েছে। পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা নেয়ার বিষয়ে বোয়ালমারী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিকুরজ্জামান জানান, পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা নেয়ার বিষয়টি তদন্ত করে নেয়া হবে। যদি প্রমাণ পাওয়া যায় তাহলে সেই প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।